



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

স্মারক নং- ১৮৪/নতুন/ইংলিশ

৫২৬

তারিখ: ০২।০৬।২০২২

বিষয় : বিদেশি কারিকুলামে পরিচালিত বেসরকারি বিদ্যালয়ের সাময়িক নিবন্ধন প্রদান প্রসঙ্গে।

সূত্র: তার ২৩/০৯/২০২১ইং তারিখের আবেদন।

প্রত্যয়ন করা যাচ্ছে, Old Dhaka International School, Address ৩৯ আবুল হাসনাত রোড, মাহতুলী, বংশাল, ঢাকা -কে Registration of Private Schools Ordinance, 1962 (Ordinance No. xx of 1962) প্রদত্ত ক্ষমতাবলে প্রণীত বিদেশি কারিকুলাম এ পরিচালিত বেসরকারি বিদ্যালয় নিবন্ধন বিধিমালা ২০১৭ (এস.এর.ও. নং- ১৭৩-আইন/২০১৭)- এর ধারা ৪ এর বিধান মোতাবেক উক্ত বিদ্যালয়ের ০১/০১/২০২২ হতে পরবর্তী ০৩ (তিনি) বছরের জন্য মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে ('ও' লেভেল এবং এ লেভেল) সাময়িক নিবন্ধন প্রদান করা হলো। বিধিমালায় উল্লিখিত শর্তসমূহ ছাড়াও উক্ত প্রতিষ্ঠানের নিম্নবর্ণিত শর্তসমূহ পালন করতে হবে।

শর্তসমূহ

১. নিবন্ধন নবায়নের মেয়াদ শেষ হবার ০৩ (তিনি) মাস পূর্বে পরবর্তী নিবন্ধন নবায়নের জন্য আবেদন করতে হবে।
০২. আগামী ০১ (এক) বছরের মধ্যে প্রাইমারী অধিদণ্ডের থেকে প্রাইমারী পর্যায়ে অনুমোদন নিতে হবে।
০৩. পত্রইস্যুর ৩০ (ত্রিশ) দিনের মধ্যে EIIN এবং Password গ্রহণ করতে হবে।
০৪. পত্র ইস্যুর ৩০ (ত্রিশ) দিনের মধ্যে নিবন্ধন বিধিমালা ২০১৭ এর ৭ উপবিধি মোতাবেক কমিটি গঠন করে বোর্ড হতে অনুমোদন নিতে হবে।
০৫. বিদ্যালয়ের শিক্ষক ও কর্মচারী নিয়োগের ক্ষেত্রে বিনিয়োগের ১২ উপবিধি অনুসরণ করতে হবে।
০৬. বিধিমালার ৬(৪) উপবিধি মোতাবেক বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিল করতে হবে।
০৭. বিধিমালায় ২০(৩) উপবিধি অনুযায়ী অডিট টিম কর্তৃক বার্ষিক অডিট করাতে হবে।
০৮. বিধিমালার ১৯ উপবিধি অনুযায়ী টিউশন ফি, ভর্তি ফি, সেশন চার্জ ও অন্যান্য ফি সংক্রান্ত বিধি অনুসরণ করতে হবে।
০৯. উক্ত বিধিমালার ১৪ উপবিধি মোতাবেক বিদ্যালয়ের জন্য নির্ধারিত ভূমি ও ভবন থাকতে হবে এবং উক্ত ধারার ৪ উপবিধি মোতাবেক নিবন্ধনের ৫ (পাঁচ) বছরের মধ্যে নিজৰ ভবনে বিদ্যালয় স্থানান্তর করতে হবে।
১০. উল্লিখিত বিধিমালার ১০-এর ২ ও ৫ উপবিধি মোতাবেক বিদ্যালয়ের সংরক্ষিত তহবিল ও সাধারণ তহবিলে নির্ধারিত টাকা জমা রাখতে হবে।
সংরক্ষিত তহবিলের টাকা ছায়ী আমানত/সংয়োগ হিসাবে জমা করতে হবে। রেজিস্ট্রেশন কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত সংরক্ষিত তহবিলের টাকা ভাঙ্গানো বা উত্তোলন করা যাবে না।
১১. প্রতিষ্ঠানে প্রতিদিন যথানিয়মে জাতীয় পতাকা উত্তোলন ও জাতীয় সঙ্গীত পরিবেশন করতে হবে।
১২. জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ কর্তৃক প্রণীত ও প্রকাশিত 'বাংলাদেশ ও বিশ্বপরিচয়' পাঠ্যপুস্তকটি অবশ্যই প্রতিশ্রেণিতে পাঠ্দান করাতে হবে।
১৩. বোর্ড প্রয়োজনে ২০১৭ সালের ৫ই জুন তারিখে জারিকৃত বিধিমালার ২৩ উপবিধি অথবা ৬ উপবিধি-এর অধীন রেজিস্ট্রেশন সার্টিফিকেট ছাগিত করতে পারবে।
১৪. নিবন্ধনের মেয়াদ অতিক্রান্ত হওয়ার অন্তর্মান ০৩ (তিনি) মাস পূর্বে নির্ধারিত ফি জমাদানপূর্বক পরবর্তী নিবন্ধন নবায়নের জন্য আবেদন করতে হবে।
১৫. ফলাফল মানসম্মত হতে হবে এবং ব্রাহ্মণ স্কুল থাকলে অবশ্যই শিক্ষা মন্ত্রণালয়ের অনুমতি নিতে হবে।
১৬. শিক্ষা প্রতিষ্ঠান প্রতিষ্ঠার জন্য ছানীয় সরকার কর্তৃপক্ষের অনাপত্তি থাকতে হবে।
১৭. সরকার কর্তৃক বিভিন্ন সময়ে জারিকৃত নির্দেশাবলি/জাতীয় দিবসসমূহ পালন করতে হবে।
১৮. প্রতিষ্ঠানের দৃশ্যমান ছানে উপযুক্ত মুজিব কর্ণার করতে হবে।

প্রাপক : অধ্যক্ষ

Old Dhaka International School

৩৯, আবুল হাসনাত রোড, মাহতুলী, বংশাল, ঢাকা

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বাঃ

প্রফেসর মোহাম্মদ আবুল মন্তুর ভুঁঞ্জা

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

মেমো নং- ৫২৬(১)

তারিখ: ০২।০৬।২০২২

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো :

১. সিনিয়র সচিব শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার,
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদণ্ডের, শিক্ষা ভবন, ঢাকা।
৩. পরিচালক/প্রতিষ্ঠাতা Old Dhaka International School,
৩৯, আবুল হাসনাত রোড, মাহতুলী, বংশাল,
ঢাকা
৪. পিএস-টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
৫. অফিস কপি।

~~০১।০৬।২২~~
০১।০৬।২২
বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

০১।০৬।২২